


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বিশ্বস্বাস্থ্য- ২ শাখা

স্মারক নং- স্বাপকম/বিশ্বস্বাস্থ্য-২/বিধি প্রণয়ন/২০১৩/ ৬২৫

তারিখঃ ৩০/১০/২০১৩ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০১৩ এর একটি খসড়া প্রস্তুত করা হয়েছে। উক্ত খসড়া বিধিমালা এর উপর সর্বসাধারণের মতামত আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, আগামী ২০-১১-২০১৩ তারিখ পর্যন্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mohfw.gov.bd এ সর্বসাধারণের মতামত প্রদানের জন্য খসড়া বিধিটি পাওয়া যাবে। উক্ত বিধিমালায় বিষয়ে কোনরূপ মতামত বা সুপারিশ থাকলে তা উপসচিব (বিশ্বস্বাস্থ্য) (কক্ষ নং-৩২৭, ভবন নং-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর পত্র মারফত অথবা dswwho@mohfw.gov.bd এই ই-মেইল ঠিকানায় আগামী ২০/১১/২০১৩ তারিখ পর্যন্ত প্রেরণ করা যাবে।


(মোঃ আজম-ই-সাদত)
উপসচিব (বিশ্বস্বাস্থ্য)
ফোনঃ ৯৫৪০৭৮৭

স্মারক নং- স্বাপকম/বিশ্বস্বাস্থ্য-২/বিধি প্রণয়ন/২০১৩/ ৬২৫

তারিখঃ ৩০/১০/২০১৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। (সংযুক্ত বিধিটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ)
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (জঃ ও বিঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপসচিব (বিশ্বস্বাস্থ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(নাসমা হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫৫


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, বঙ্গাব্দ / খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ...-আইন/২০১৩।- ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০০৫ সনের ১১ নং আইন) এর ৯ ধারা ১৬তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

- ১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।- (১) এই বিধিমালা ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।
(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।
- ২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-
 - (ক) “আইন” অর্থ ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ (২০০৫ সনের ১১ নং আইন);
 - (খ) “আচ্ছাদিত” অর্থ নির্মাণের উপকরণ নির্বিশেষে একটি ছাদ অথবা এক বা একাধিক দেয়াল বিশিষ্ট স্থান যাহা স্থায়ী বা অস্থায়ী হইতে পারে;
 - (গ) “কর্মক্ষেত্র” অর্থ যে কোন ব্যক্তি কর্তৃক কর্ম সম্পাদনের জন্য ব্যবহৃত স্থান যা কর্মীগণ সাধারণভাবে ব্যবহার করেন, যেমন করিডোর, লিফট, সিঁড়ি, লবি, বারান্দা, ক্যান্টিনসহ সংশ্লিষ্ট স্থানও অন্তর্ভুক্ত হইবে।
- ৩। কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা।- আইনের ধারা ২এর দফা (ক) এ বর্ণিত “কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা” অর্থে নিম্নোক্ত কর্মকর্তাগণও অন্তর্ভুক্ত হইবেন, যথা:-


০২/১০/১৩ ০৭/১০/১৩ ১৩/১০/১৩ ১৩/১০/১৩ ১৩/১০/১৩ ১৩/১০/১৩

৬। ধূমপান এলাকার বর্ণনা।- আইনের ধারা ৭ এর উদ্দেশ্য পূরণকল্পে, কোন পাবলিক প্লেস বা পাবলিক পরিবহনে ধূমপানের জন্য কোন স্থান চিহ্নিত বা নির্দিষ্টকরণের ক্ষেত্রে, নিম্নবর্ণিত শর্তাদি প্রতিপালন করিতে হইবে, যথা:-

- (ক) ধূমপানের এলাকা অবশ্যই ধূমপানমুক্ত এলাকা হইতে পৃথক হইতে হইবে;
- (খ) ধূমপানের স্থানের ধোঁয়া যাহাতে ধূমপানমুক্ত এলাকায় প্রবেশ করিতে না পারে তাহা নিশ্চিত করিতে হইবে;
- (গ) ধূমপানের স্থানে অগ্নিনির্বাপক যন্ত্রের ব্যবস্থাসহ বিড়ি বা সিগারেটের উচ্ছিষ্ট অংশ নিক্ষেপ বা ফেলার জন্য বালি ও পানিসহ যথাযথ পাত্রের ব্যবস্থা থাকিতে হইবে;
- (ঘ) কোন পাবলিক প্লেস বা পাবলিক পরিবহনে ধূমপানের জন্য কোন স্থান চিহ্নিত বা নির্দিষ্ট করা হইলে উক্ত চিহ্নিত বা নির্দিষ্ট স্থানের মধ্য দিয়া যাহাতে কোন অধূমপায়ীকে যাতায়াত করিতে না হয় তাহা নিশ্চিত করিতে হইবে।

৭। পাবলিক প্লেস বা পাবলিক পরিবহনের মালিক ও সংশ্লিষ্ট ব্যক্তিগণের দায়িত্ব।- আইনের ধারা ৭ক এর উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক পাবলিক প্লেস বা পাবলিক পরিবহনের মালিক, তত্ত্বাবধায়ক, নিয়ন্ত্রণকারী ব্যক্তি বা ব্যবস্থাপক তাহার নিয়ন্ত্রণাধীন এলাকাকে ধূমপানমুক্ত রাখিবার উদ্দেশ্যে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করিবেন, যথা:-

- (ক) ধূমপান থেকে বিরত থাকার জন্য সতর্কতামূলক নোটিশ প্রদর্শনের ব্যবস্থা করিবেন;
- (খ) ধূমপানমুক্ত এলাকায় কোন ছাইদানি রাখিবেন না;
- (গ) ধূমপানের জন্য নির্ধারিত এলাকায় উহার মালিক, ম্যানেজার বা তত্ত্বাবধায়ক সেবা প্রদান হইতে বিরত থাকিবেন;
- (ঘ) ধূমপানের জন্য নির্ধারিত স্থানে “ধূমপানের জন্য নির্ধারিত স্থান” এবং “ধূমপান মৃত্যু ঘটায়” লেখা সম্বলিত সতর্কতামূলক নোটিশ প্রদর্শনের ব্যবস্থা করিতে হইবে;
- (ঙ) কোন ব্যক্তি আইন লঙ্ঘন করিয়া ধূমপান করিলে ধূমপানমুক্ত স্থানের মালিক, ম্যানেজার বা তত্ত্বাবধায়ক উক্ত ব্যক্তিকে ধূমপান না করিবার জন্য অনুরোধ করিবেন;
- (চ) কোন ব্যক্তিকে ধূমপান হইতে বিরত থাকিতে অনুরোধ করা সত্ত্বেও যদি কোন ব্যক্তি ধূমপান করেন, তাহা হইলে উক্ত ব্যক্তিকে ধূমপানমুক্ত এলাকা ত্যাগ করিতে বাধ্য করিতে পারিবেন, তাহাকে কোন প্রকার সেবা প্রদান হইতে বিরত থাকিতে পারিবেন এবং প্রয়োজনে আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের সহায়তা গ্রহণ করিতে পারিবেন।

০৯/১০/২০১৩
০৯/১০/২০১৩
০৯.১০.২০১৩
- ৪ -
০৯/১০/২০১৩
০৯/১০/২০১৩
০৯/১০/২০১৩

৮। ধূমপানমুক্ত স্থান সংক্রান্ত সতর্কতামূলক নোটিশ প্রদর্শন।- আইনের ধারা ৮ এর উদ্দেশ্য পূরণকল্পে প্রতিটি পাবলিক প্লেস বা পাবলিক পরিবহনে নিম্নবর্ণিত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, যথা:-

- (ক) পাবলিক প্লেস ও পাবলিক পরিবহনের প্রবেশপথে এবং অভ্যন্তরে এক বা একাধিক দৃশ্যমান স্থানে “ধূমপান হইতে বিরত থাকুন, ইহা শাস্তিযোগ্য অপরাধ” মর্মে সতর্কতামূলক নোটিশ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ;
- (খ) পাবলিক প্লেসে সতর্কতামূলক নোটিশ বোর্ডের ন্যূনতম সাইজ হইবে ৪০ সেঃ মিঃ x ২০ সেঃ মিঃ;
- (গ) সতর্কতামূলক নোটিশ সাদা জমিনে লাল অক্ষরে অথবা লাল জমিনে সাদা অক্ষরে ধূমপানমুক্ত সাইনসহ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ;
- (ঘ) সতর্কতামূলক নোটিশের নমুনা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল এর ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণ।

- ৯। তামাকজাত দ্রব্যের মোড়ক এবং প্যাকেটে সচিত্র সতর্কবাণী মুদ্রণ, ইত্যাদি সংক্রান্ত বিধান।- (১) আইনের ধারা ১০ এর উদ্দেশ্য পূরণকল্পে তামাকজাত দ্রব্যের প্যাকেট, মোড়ক, কার্টন বা কৌটায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত রসিন ছবি ও লেখা সম্বলিত স্বাস্থ্য সতর্কবাণী অবিকল মুদ্রণ করিতে হইবে।
- (২) আইনের ধারা ১০ এর উপ ধারা (২) এর দফা (ক) এর উদ্দেশ্য পূরণকল্পে তামাকজাত দ্রব্যের প্যাকেট, কার্টন এবং কৌটায় “পরোক্ষ ধূমপান মৃত্যু ঘটায়” সতর্কবাণী মুদ্রণ করিতে হইবে।
- (৩) সচিত্র সতর্কবাণী সম্বলিত ইলেকট্রনিক ফাইল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হইতে সংগ্রহ করিতে হইবে।
- (৪) সচিত্র সতর্কবাণী মুদ্রণের ক্ষেত্রে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত ছবি ও লেখার আকার, রং, অনুপাত ইত্যাদি পুরোপুরি অক্ষুন্ন রাখিতে হইবে।
- (৫) তামাকজাত দ্রব্যের প্যাকেট, মোড়ক, কার্টন এবং কৌটায় মুদ্রিত সচিত্র সতর্কবাণীতে ছবি ও লেখার অনুপাত হইবে ৬:১ এবং লেখাটি কালো জমিনের উপর সাদা অক্ষরে হইতে হইবে।
- (৬) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সর্বোচ্চ দুই বছর পর পর ছবি ও সতর্কবাণীসমূহ পুনর্মূল্যায়নপূর্বক প্রয়োজনে নতুন ছবি ও সতর্কবাণী অন্তর্ভুক্ত করিবেন।

০৯/১০/২০১৩

০৯/১০/১৩

০৯.১০.২০১৩

০৯.১০.২০১৩

০৯.১০.২০১৩

০৯.১০.২০১৩

০৯.১০.২০১৩

- (৭) সচিত্র সতর্কবাণী এবং সংশ্লিষ্ট ছবিসমূহ প্রতি ব্যাচ উৎপাদনের সময় উৎপাদিত প্যাকেট ও কৌটাসমূহে সমানুপাতে ছাপিতে হইবে।
- (৮) তামাকজাত দ্রব্য বিপননে প্যাকেট ও কৌটা কার্টনজাত করার ক্ষেত্রে প্রতিটি কার্টনে সকল ধরনের সচিত্র সতর্কবাণী সম্বলিত প্যাকেট ও কৌটা যথাসম্ভব সমানুপাতে অন্তর্ভুক্ত করিতে হইবে।
- (৯) তামাকজাত দ্রব্যের মোড়ক, প্যাকেট ও কৌটার গায়ে প্রদত্ত সচিত্র সতর্কবাণী এমনভাবে মুদ্রণ করিতে হইবে যাহাতে স্ট্যাম্প বা ব্যাডরোল সংযুক্তির বা অন্য কোন কারণে ঢাকিয়া না যায় উহা তামাকজাত দ্রব্য উৎপাদনকারী কর্তৃক নিশ্চিত করিতে হইবে।
- (১০) এই বিধি কার্যকর হইবার সর্বোচ্চ ছয় মাস পর হইতে সচিত্র সতর্কবাণী সম্বলিত প্যাকেট, কৌটা এবং মোড়ক ব্যতীত কোন তামাকজাত দ্রব্য বাজারজাত ও বিক্রয় করা যাইবে না।
- (১১) আইনের ধারা ১০ এর উপধারা (৩) এ উল্লিখিত “শুধুমাত্র বাংলাদেশে বিক্রয়ের জন্য অনুমোদিত” বিবৃতিটি সকল তামাকজাত দ্রব্যের প্যাকেট ও মোড়কের পার্শ্বদেশে মুদ্রণ করিতে হইবে এবং বিধি কার্যকর হইবার ছয় মাস পর হইতে এই বিধান কার্যকর হইবে।

১০। তামাকজাত দ্রব্য আমদানীর ক্ষেত্রে উপাদান সম্পর্কিত তথ্য প্রদান।- তামাকজাত দ্রব্য আমদানীর ক্ষেত্রে উক্ত দ্রব্য আমদানীর সময় উহার উপাদান সম্পর্কিত তথ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে দাখিল করিতে হইবে।

১১। তামাকজাত দ্রব্য ধ্বংস ও বাজেয়াপ্তকরণ।- (১) কোন ব্যক্তি আইন এবং এই বিধিমালার কোন বিধান লংঘন করিয়া তামাকজাত দ্রব্য ক্রয় বা বিক্রয় করিবার প্রস্তাব করিলে বা যথাযথ তথ্য দাখিল না করিয়া কোন তামাকজাত দ্রব্য আমদানী করিলে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা আইন এবং এই বিধিমালার বিধান অনুযায়ী উক্ত তামাকজাত দ্রব্য ধ্বংস বা বাজেয়াপ্ত করিতে পারিবেন এবং উক্ত কর্মকর্তা প্রয়োজনে আইন শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা গ্রহণ করিতে পারিবেন।

(২) উপ বিধি (১) এর কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন আইন শৃঙ্খলা বাহিনীকে সহযোগিতা করিবার জন্য অনুরোধ জানাইলে সংশ্লিষ্ট বাহিনী উক্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবেন।

১২। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের গঠন।- (১) আইনের ধারা ১৫ক এর উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল এর গঠন হইবে নিম্নরূপ, যথা:-

০৯/১০/১৩
০৯/১০/১৩
০৯.১০.২০১৩
০৯/১০/১৩
০৯/১০/১৩
০৯/১০/১৩
০৯/১০/১৩
০৯/১০/১৩

- (ক) সরকারের যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা, যিনি তামাক নিয়ন্ত্রণ সেলের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করিবেন;
 - (খ) সরকারের উপ-সচিব পদমর্যাদার দুইজন কর্মকর্তা, যাহারা উপ-পরিচালক হিসেবে দায়িত্ব পালন করিবেন; এবং
 - (গ) সরকারের সিনিয়র সহকারী সচিব বা সহকারী সচিব পদমর্যাদার চারজন কর্মকর্তা, যাহারা সহকারী পরিচালক হিসেবে দায়িত্ব পালন করিবেন।
- (২) সেলের সাংগঠনিক কাঠামো, চাকুরির শর্তাবলী ও কর্ম পরিধি সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে নির্ধারিত হইবে।

১৩। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের ক্ষমতা ও কার্যাবলী।- জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের ক্ষমতা ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:-

- (ক) আইন ও বিধিমালার বিধান কার্যকর বাস্তবায়নে আইনগত, প্রায়োগিক ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ;
- (খ) তামাক নিয়ন্ত্রণে জাতীয় কৌশলপত্র প্রণয়ন;
- (গ) জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল এর কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনে বিভিন্ন উৎস হইতে অর্থ সংগ্রহ;
- (ঘ) আইন ও বিধিমালার বিধান বাস্তবায়নের লক্ষ্যে গঠিত জেলা ও উপজেলা টাস্কফোর্স এর কার্যক্রম তদারকি, মনিটরিং ও সমন্বয় সাধন এবং পরিচালনায় কারিগরি সহায়তা প্রদান;
- (ঙ) আইন ও বিধিমালার বিধান বাস্তবায়নে গঠিত জাতীয় টাস্কফোর্স কমিটির কার্যক্রম পরিচালনায় সহযোগিতা ও সিদ্ধান্ত বাস্তবায়ন;
- (চ) আইন ও বিধিমালার বিধান বাস্তবায়নে সংশ্লিষ্টদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- (ছ) তামাকের ক্ষতিকর দিক ও আইন ও বিধিমালা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্বুদ্ধকরণ ও প্রচারণা কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;
- (জ) আইন ও বিধিমালার বিধান লঙ্ঘন বিষয়ে অভিযোগ গ্রহণের লক্ষ্যে ই-মেইল, টেলিফোন, মোবাইল বা অন্য কোন ব্যবস্থার প্রবর্তন;
- (ঝ) তামাকজাত দ্রব্য ব্যবহারে জনগণকে নিরুৎসাহিত করার লক্ষ্যে তামাক সেবন ত্যাগে উদ্বুদ্ধ করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ;
- (ঞ) আইন ও বিধিমালার বিধান অনুযায়ী প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ;

০৯/১০/১৩

০৯/১০/১৩

০৭.১০.২০১৩

০৭.১০.১৩

০৭/১০/১৩

০৭/১০/১৩

০৭/১০/১৩

